সংবাদ।

তারিখ ৩/১২/৮৯
পৃষ্ঠা ... কলাম ...

316

055

# জনমত

**শিক্ষা কর্তৃপক্ষ সমীপে**

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের বর্তমান নিয়মানুযায়ী মাধ্যমিক স্কুলে প্রধান শিক্ষক/শিক্ষিকা ও সম্পাদক/সম্পাদিকার দায়িত্ব একই ব্যক্তির উপর ন্যস্ত থাকায় দুই ক্ষমতা কেন্দ্রীভূত হয়ে সহকারী শিক্ষক/শিক্ষিকাদের চরম দুর্ভোগের কারণ হয়েছে। এবং স্কুলেও সুষ্ঠুভাবে পরিচালনার ব্যাঘাত ঘটছে। সহকারী শিক্ষক/শিক্ষিকাদের কোন অভিযোগ থাকলেও অধিকাংশ ক্ষেত্রেই তারা সুবিচার পান না। বিশেষত যেখানে প্রধান শিক্ষক/শিক্ষিকা একজন এমপি বা কোন উচ্চ ক্ষমতার অধিকারী সেখানে মাননীয় মহকুমা প্রশাসক বা সার্কেল অফিসার সাহেব চেয়ারম্যান হিসাবে ন্যায় বিচার চাইলেও নানা কারণে অধিকাংশ ক্ষেত্রেই কোন বলিষ্ঠ পদক্ষেপ নিতে পারেন না। এমতাবস্থায় শিক্ষা কর্তৃপক্ষ সমীপে নিবেদন, স্কুলের সুষ্ঠু পরিচালনার জন্যে সম্পাদকের দায়িত্ব কোন নির্বাচিত পৃথক ব্যক্তির উপর অর্পণ করার এবং যেখানে প্রধান শিক্ষক/শিক্ষিকা একজন এমপি বা উচ্চ ক্ষমতার অধিকারী সেখানে স্কুলের চেয়ারম্যানের দায়িত্ব স্থানীয় অন্য কোন প্রভাবশালী যোগ্যতাসম্পন্ন এমপি কিংবা বিশিষ্ট ব্যক্তির উপর দেওয়ার আশু ব্যবস্থা গ্রহণ করা হোক।

তানভীর আহমদ
৩০, বাঘমারা রোড, ময়মনসিংহ।